রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ২৪, ২০১৬

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১১ মাঘ, ১৪২২/২৪ জানুয়ারি, ২০১৬

নিম্নলিখিত বিলটি ১১ মাঘ, ১৪২২/২৪ জানুয়ারি, ২০১৬ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ০২/২০১৬

## Members of Parliament (Remuneration and Allowances) Order, 1973 এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Members of Parliament (Remuneration and Allowances) Order, 1973 (P.O. No. 28 of 1973) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন Members of Parliament (Remuneration and Allowances) (Amendment) Act, 2016 নামে অভিহিত হইবে।

(২) এই আইনের—

(ক) ধারা ২, ১ জুলাই, ২০১৫ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) অন্যান্য ধারাসমূহ ১ জুলাই, ২০১৬ তারিখ হইতে কার্যকর হইবে।

২। **P.O. No. 28 of 1973 এর Article 3 এর সংশোধন**।—Members of Parliament (Remuneration and Allowances) Order, 1973 (P.O. No. 28 of 1973), অতঃপর উক্ত Order বলিয়া উল্লিখিত, এর Article 3 এর “twenty seven thousand and five hundred” শব্দগুলির পরিবর্তে “fifty five thousand” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।



মূল্য : টাকা ৪.০০

৩। **P.O. No. 28 of 1973 এর Article 3A এর সংশোধন।**—উক্ত Order এর Article 3A এর "seven thousand and five hundred" শব্দগুলির পরিবর্তে "twelve thousand and five hundred" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৪। **P.O. No. 28 of 1973 এর Article 3B এর সংশোধন।**—উক্ত Order এর Article 3B এর "three thousand" শব্দগুলির পরিবর্তে "five thousand" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৫। **P.O. No. 28 of 1973 এর Article 3CC এর সংশোধন।**—উক্ত Order এর Article 3CC এর "forty thousand" শব্দগুলির পরিবর্তে "seventy thousand" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৬। **P.O. No. 28 of 1973 এর Article 3E এর সংশোধন।**—উক্ত Order এর Article 3E এর—

(ক) clause (a) এর "one thousand" শব্দগুলির পরিবর্তে "one thousand and five hundred" শব্দগুলি; এবং

(খ) clause (b) এর "four thousand" শব্দগুলির পরিবর্তে "six thousand" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৭। **P.O. No. 28 of 1973 এর Article 5 এর সংশোধন।**—উক্ত Order এর Article 5 এর clause (1) এর "three hundred" শব্দগুলির পরিবর্তে "seven hundred and fifty" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৮। **P.O. No. 28 of 1973 এর Article 6 এর সংশোধন।**—উক্ত Order এর Article 6 এর—

(ক) clause (1) এর—

(অ) sub-clause (a) এর "seventy five thousand" শব্দগুলির পরিবর্তে "one lakh and twenty thousand" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) sub-clause (b) এর "seventy five thousand" শব্দগুলির পরিবর্তে "one lakh and twenty thousand" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) clause (2) এর "seventy five thousand" শব্দগুলির পরিবর্তে "one lakh and twenty thousand" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৯। **P.O. No. 28 of 1973 এর Article 6B এর সংশোধন।**—উক্ত Order এর Article 6B এর clause (1) এর "three lakh" শব্দগুলির পরিবর্তে "five lakh" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

সংসদ সদস্যগণের বেতন, ভাতা, পারিতোষিক, বিশেষ অধিকার, ইত্যাদি Members of Parliament (Remuneration and Allowances) Order, 1973 দ্বারা নির্ধারিত হয়ে থাকে। জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি, মূল্যস্ফীতি এবং দেশের আর্থ-সামাজিক অবস্থার প্রেক্ষাপটসহ সরকারি কর্মচারীদের জন্য ৮ম জাতীয় বেতন স্কেল ঘোষণা করার কারণে সংসদ সদস্যগণের জন্য সময়োপযোগী বেতন-ভাতাদি নির্ধারণ করা আবশ্যক। সে লক্ষ্যে সংসদ সদস্যগণের বিদ্যমান বেতন ২৭,৫০০/- টাকা হতে বৃদ্ধি করে ৫৫,০০০/- টাকা; ব্যয় নিয়ামক ভাতা ৩,০০০/- টাকা হতে বৃদ্ধি করে ৫,০০০/- টাকা; দৈনিক ভাতা ৩০০/- টাকা হতে বৃদ্ধি করে ৭৫০/- টাকা; স্বেচ্ছাধীন তহবিল ৩,০০,০০০/- টাকা হতে বৃদ্ধি করে ৫,০০,০০০/- টাকা; নির্বাচনী এলাকার খরচ ভাতা (মাসিক) ৭,৫০০/- টাকা হতে বৃদ্ধি করে ১২,৫০০/- টাকা; পরিবহণ খরচ ভাতা (মাসিক) ৪০,০০০/- টাকা হতে বৃদ্ধি করে ৭০,০০০/- টাকা; অভ্যন্তরীণ ভ্রমণ (বার্ষিক) খরচ ভাতা ৭৫,০০০/- টাকা হতে বৃদ্ধি করে ১,২০,০০০/- টাকা; লন্ড্রি ভাতা মাসিক ১,০০০/- টাকা হতে বৃদ্ধি করে ১,৫০০/- টাকা এবং ক্রোকারিজ, ইত্যাদি ভাতা (মাসিক) ৪,০০০/- টাকা হতে বৃদ্ধি করে ৬,০০০/- টাকা করার প্রস্তাব করা হয়েছে। সংসদ সদস্যগণের বেতন-ভাতাদি বৃদ্ধির লক্ষ্যে উক্ত Order সংশোধন করা প্রয়োজন।

২। উক্ত উদ্দেশ্য পূরণকল্পে, Members of Parliament (Remuneration and Allowances) (Amendment) Act, 2016 শীর্ষক বিল মহান জাতীয় সংসদে উত্থাপন করা হলো।

**আনিসুল হক**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**ড. মোঃ আবদুর রব হাওলাদার**
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd